

## পুনঃপ্রত্যায়ন স্বাক্ষর পৃষ্ঠা

অনুগ্রহ করে নিচের গুরুত্বপূর্ণ সম্মতি এবং প্রশংসাপত্র পড়ুন

### বিজ্ঞপ্তি/চুক্তি

1. আমি বুঝেছি যে এই ফর্মে উল্লেখিত তথ্য পরিষেবা/ভর্তুকির জন্য আমার পরিবারের যোগ্যতা নির্ধারণের উদ্দেশ্যে ব্যবহার করা হবে। আমি বুঝেছি যে এই আবেদন ফর্মে স্বাক্ষর করার মাধ্যমে, আমি আমার দেওয়া তথ্য যাচাইকরণ অথবা সূনিশ্চিতকরণের যে কোনও তদন্ত অথবা শিশুপরিচর্যা সহায়তার জন্য আমার অনুরোধ সম্পর্কিত যে কোনও অন্যান্য তদন্তের জন্য সম্মতি জানাচ্ছি। যদি অতিরিক্ত তথ্যের অনুরোধ করা হয় তাহলে আমি এটি প্রদান করবো।
2. আমি বুঝেছি যে এই পুনঃপ্রত্যায়নটি কেবলমাত্র শিশু পরিচর্যার ভর্তুকির উদ্দেশ্যে ব্যবহার করা হবে। SNAP, Medicaid, নগদ সহায়তা, অথবা অন্যান্য পরিষেবার মতো অন্যান্য সহায়তা সংগ্রহ করার উদ্দেশ্যে অতিরিক্ত আবেদনের প্রয়োজন হয়। যদিও এই আবেদন অথবা এই আবেদনের তদন্তের অংশ হিসেবে সংগৃহীত যে কোনও তথ্য যে কোনও সিটি, স্টেট অথবা ফেডেরাল এজেন্সিকে জানানো যেতে পারে যার কাছে আপনি সহায়তা অথবা সুবিধার জন্য আবেদন করবেন অথবা আবেদন করেছেন।
3. আমি বুঝেছি যে উপলভ্য শিশু পরিচর্যা, ভর্তুকি তহবিলের ওপর নির্ভরশীল এবং যদি কোনও তহবিল না থাকে তাহলে আমার বাচ্চাকে অপেক্ষা তালিকায় রাখা যেতে পারে।
4. বর্ণ, ধর্মবিশ্বাস, বয়স, রং, লিঙ্গ ধর্ম, জাতীয়তা, বহিরাগত অথবা নাগরিকত্বের স্থিতি, শারীরিক এবং মানসিক অক্ষমতা, লিঙ্গ, ধর্ম, যৌন প্রবণতা, গর্ভাবস্থা, বৈবাহিক অথবা সঙ্গীর স্থিতির ভিত্তিতে পক্ষপাতিত্ব না করা নিউ ইয়র্ক সিটি শিশু পরিষেবা প্রশাসনের (New York City Administration for Children's Services, ACS) নীতি এবং দায়বদ্ধতা
5. আমি শপথভঙ্গ করলে জরিমানার অধীন শপথ নিচ্ছি এবং/অথবা সূনিশ্চিত করছি যে আমি শিশু পরিচর্যা সম্পর্কিত যে সমস্ত তথ্য নিউ ইয়র্ক সিটি শিশু পরিষেবা প্রশাসনকে (New York City Administration for Children's Services, ACS) প্রদান করেছি অথবা প্রদান করবো তা সম্পূর্ণভাবে সঠিক।

### জরিমানা

আপনি শিশু পরিচর্যার সহায়তার জন্য আবেদন করার সময় অথবা আপনার যোগ্যতার ব্যাপারে প্রশ্ন করা হলে, অথবা আপনি আপনার আবেদন অথবা ধারাবাহিক যোগ্যতা সম্পর্কে অন্য কাউকে সত্য না বলার জন্য বাধ্য করলে, ফেডেরাল এবং স্টেট আইনের অধীনে জরিমানা, কারাবাস অথবা উভয়ের শাস্তি হতে পারে। শিশু পরিচর্যা সহায়তার জন্য আপনার প্রারম্ভিক অথবা ধারাবাহিক যোগ্যতা সম্পর্কে তথ্য গোপন করলে অথবা প্রকাশ করতে ব্যর্থ হলে; অথবা আপনি অন্য কারোর অধিকার প্রভাবিত করতে পারে এমন তথ্য গোপন করলে অথবা প্রকাশ করতে ব্যর্থ হলে, যার জন্য আপনি আবেদন করেছেন, শিশু পরিচর্যা সহায়তা সংগ্রহ করার জন্য অথবা অব্যাহতভাবে সংগ্রহ করার জন্য- এই সমস্ত ক্ষেত্রেও জরিমানা প্রযোজ্য। যদি আপনি অন্য কোনও ব্যক্তির পক্ষ থেকে আবেদনকারীর অনুমোদিত প্রতিনিধি হন তাহলে সেই ব্যক্তির জন্য শিশু পরিচর্যা সহায়তা ব্যবহার করতে হবে, আপনার জন্য নয়। তথ্য গোপন রেখে অথবা মিথ্যা তথ্য প্রদান করে শিশু পরিচর্যা সহায়তা সংগ্রহ করা বেআইনী।

1. আমার পারিবারিক আয় এবং সদস্যসংখ্যা, শিশু পরিচর্যার ব্যবস্থা এবং শিশুপরিচর্যা পরিষেবার জন্য আমার পরিবারের যোগ্যতার ব্যাপারে অন্যান্য পরিস্থিতি সম্পর্কে কোনও তথ্যের পরিবর্তন হলে আমি তৎক্ষণাৎ নিউ ইয়র্ক সিটি শিশু পরিষেবা প্রশাসনকে (New York City Administration for Children's Services, ACS) জানানোর জন্য সম্মতি প্রদান করছি।

### পরিবর্তন

পরিবারের আয় এবং সদস্য সংখ্যা, শিশু পরিচর্যার ব্যবস্থা এবং শিশুপরিচর্যা পরিষেবার জন্য পরিবারের যোগ্যতার ব্যাপারে অন্যান্য পরিস্থিতি সম্পর্কে সঠিক, সম্পূর্ণ এবং বর্তমান তথ্য প্রদান করার জন্য এবং এই ফর্মে উল্লেখিত যে কোনও পরিবর্তন সম্পর্কে তৎক্ষণাৎ সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্টকে জানানোর জন্য আবেদনকারী দায়বদ্ধ।

## প্রত্যয়ন

নাগরিকস্ব - আমি বুঝেছি যে এই আবেদন ফর্ম স্বাক্ষর করার মাধ্যমে, আমি শপথভঙ্গে করলে জরিমানার অধীনে স্বীকৃতি জানাচ্ছি যে শিশু পরিচর্যা সহায়তা আবশ্যিক সমস্ত বাচ্চা মার্কিন যুক্ত রাষ্ট্রের নাগরিক অথবা স্বদেশী অথবা সন্তোষজনকত অভিবাসন স্থিতি সহ একজন ব্যক্তি। আমি বুঝেছি যে এই সমস্ত বাচ্চা সম্পর্কিত এই তথ্য অভিবাসন স্থিতি প্রত্যয়ন করার জন্য অভিবাসন অথবা স্বাভাবিকরণ পরিষেবার কাছে জমা করা যেতে পারে, যদি প্রযোজ্য হয়। আমি আরও বুঝেছি যে এই বাচ্চাদের সম্পর্কিত এই তথ্যের ব্যবহার এবং প্রকাশনা অভিবাসন স্থিতি প্রত্যয়নের সাথে সরসারি যুক্ত ব্যক্তি এবং সংস্থা এবং শিশু পরিচর্যা সহায়তা কর্মসূচির প্রশাসন অথবা প্রবিধানের বলবৎকরণ পর্যন্ত সীমাবদ্ধ।

## পারিবারিক সম্পদ

আমি/আমরা স্বীকৃতি জানাচ্ছি যে আমার পরিবারের সম্পদ \$1,000,000.00-এর চেয়ে বেশি নয়।

যদি দুজন পিতা/মাতা-অভিভাবকের পরিবার হয় তাহলে উভয় পিতা-মাতা/অভিভাবকের স্বাক্ষর প্রয়োজন।

পিতা-মাতা/তত্ত্বাবধায়ক (স্বাক্ষর): \_\_\_\_\_ তারিখ: \_\_\_\_\_

পিতা-মাতা/তত্ত্বাবধায়ক (প্রিন্ট করুন): \_\_\_\_\_

দ্বিতীয় পিতা-মাতা/তত্ত্বাবধায়ক (স্বাক্ষর): \_\_\_\_\_ তারিখ: \_\_\_\_\_

দ্বিতীয় পিতা-মাতা/তত্ত্বাবধায়ক (প্রিন্ট করুন): \_\_\_\_\_

অনুমোদিত প্রতিনিধি (স্বাক্ষর): \_\_\_\_\_ তারিখ: \_\_\_\_\_

অনুমোদিত প্রতিনিধি (প্রিন্ট করুন): \_\_\_\_\_